

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮৭৮

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৬৯. খারাপ উপাধি সম্পর্কে।

باب فِي الأَلْقَابِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا وُهَيْبٌ، عَنْ دَاوُدَ، عَنْ عَامِرٍ، قَالَ حَدَّثَنِي أَبُو جُبَيْرَةَ بِنُ الضَّحَّاكِ، قَالَ فِينَا نَزَلَتْ هَذِهِ الآيَةُ فِي بَنِي سَلِمَةَ (وَلاَ تَنَابَزُوا بِالأَلْقَابِ بِنُسَ الاِسْمُ الْفُسُوقُ بَعْدَ الإِيمَانِ) قَالَ قَدِمَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَلَيْسَ مِنَّا رَجُلُ إلاَّ وَلَهُ اسْمَانِ أَوْ ثَلاَثَةٌ فَجَعَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَقُولُ " يَا فُلاَنُ " . فَيَقُولُونَ مَهُ يَا رَسُولَ اللَّهِ إِنَّهُ يَغْضَبُ مِنْ هَذَا الاِسْم فَأُنْزِلَتْ هَذِهِ الآيَةُ (وَلاَ تَنَابَزُوا بِالأَلْقَابِ) .

বাংলা

৪৮৭৮. মূসা ইবন ইসমাঈল (রহঃ) আবৃ জুবায়রা ইবন যাহহাক (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমাদের-অর্থাৎ সালমা গোত্রের লোকদের সম্পর্কে এ আয়াত নাযিল হয়। (আয়াতের অর্থ হলোঃ) 'তোমরা একে অন্যকে খারাপ উপাধিতে আহবান করো না। কেননা, ঈমান আনার পর খারাপ নামে ডাকা খুবই অন্যায়।'

রাবী বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন আমাদের কাছে আসেন, তখন আমাদের মাঝে এমন কেউ-ই ছিল না, যার দুই-তিনটা নাম না ছিল! এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কারো নাম ধরে ডাকেনঃ হে অমুক! তখন তারা বলেঃ ইয়া রাসূলাল্লাহ! আপনি থামুন। এ নামে ডাকলে সে ব্যক্তি নাখোশ হয়। তখন এ আয়াতটি নাঘিল হয়ঃ তোমরা একে অন্যকে খারাপ উপাধিতে আহবান করো না।

English

Narrated AbuJubayrah ibn ad-Dahhak:

This verse was revealed about us, the Banu Salimah: "Nor call each other by (offensive) nicknames: ill-seeming is a name connoting wickedness (to be used of one) after he has believed." He said: When the apostle of Allah (came to us, every one of us had two or three names. The Messenger of Allah



(ﷺ) began to say: O so and so! But they would say: Keep silence, Messenger of Allah! He becomes angry by this name. So this verse was revealed: "Nor call each other by (offensive) nicknames."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন